

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২২৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন ইমামের পিছনে মুক্তাদী নারী ও পুরুষ থাকবে, তখন ইমামের জন্য মুস্তাহাব হলো সালাম ফেরানোর পর আপন জায়গায় কিছুক্ষন অপেক্ষা করা, যাতে পুরুষদের আগে নারীরা চলে যেতে পারে

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ إِذَا فَرَغَ مِنَ الصَّلَاةِ وَخَلْفَهُ الرِّجَالُ وَالنِّسَاءُ أَنْ يَلْبَثَ فِي مَقَامِهِ
لِيَنْصَرِفَ النِّسَاءُ قَبْلَ الرِّجَالِ إِلَى بُيُوتِهِنَّ

আরবী

2230 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ:
أَخْبَرَنَا يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرْتَنِي هِنْدُ بِنْتُ الْحَارِثِ الْفِرَاسِيَّةِ أَنَّ أُمَّ سَلَمَةَ
زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَتْهَا: (أَنَّ النِّسَاءَ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ كُنَّ إِذَا سَلِمْنَ مِنَ الصَّلَاةِ قُمْنَ وَتَبَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
وَمَنْ صَلَّى مَعَهُ مِنَ الرِّجَالِ مَا شَاءَ اللَّهُ فَإِذَا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ
الرِّجَالُ)

الراوي : أُمُّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2230 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(955)

বাংলা

২২৩০. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী উম্মু সালামাহ রাহিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় নারীরা যখন সালাত থেকে সালাম ফেরাতেন তখন তারা উঠে যেতেন আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাথে পুরুষ সাহাবীগণ আল্লাহ যতক্ষন চাইতেন ততক্ষন বসে থাকতেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন উঠতেন, তখন তারাও উঠতেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৩/৬৭; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৩২২৭; মুসনাদ আহমাদ: ৬/৩১০; আবু দাউদ: ১০৪০; সুনান বাইহাকী: ২/১৮৩; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৯২; আত তায়ালিসী: ১৬০৪; সহীহ আল বুখারী: ৮৩৭; ইবনু মাজাহ: ৯৩২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭১৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91548>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন